Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

বিজিএ/কাস/২০২৩/০১

০২ জানুয়ারী, ২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ রপ্তানি সহায়ক তহবিল (Export Facilitation Fund) গঠন প্রসঙ্গে।**
**সূত্র ঃ** বিআরপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ০১/০১/২০২৩ইং

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

সবাইকে জানাচ্ছি ইংরেজি নববর্ষ ২০২৩ এর শুভেচ্ছা।
উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা অবগত আছেন যে, করোনা পরবর্তী অর্থনৈতিক সংকট ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফলে উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় দেশের রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের কার্যক্রম অব্যাহত রাখতে নিরবিচ্ছিন্নভাবে কাঁচামাল আমদানির কোন বিকল্প নেই। এ লক্ষ্যে বিজিএমইএ হতে বাংলাদেশ ব্যাংকের সাথে প্রতিনিয়ত যোগাযোগ রক্ষা করে যাচ্ছি এবং গভর্ণর, বাংলাদেশ ব্যাংকের সাথে একাধিক সভায় মিলিত হয়ে ইডিএফ (EDF) ফান্ডের ন্যায় তহবিল গঠনের জন্য বাংলাদেশ ব্যাংক'কে অনুরোধ করি। এরই স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ ব্যাংক ১০,০০০/- (দশ হাজার) কোটি টাকার রপ্তানি সহায়ক তহবিল (Export Facilitation Fund) গঠন করে সূত্রোক্ত সার্কুলার জারী করেছে।

এ তহবিল থেকে সর্বোচ্চ ৪% সুদে সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারকরা ব্যাক টু ব্যাক ঋণপত্রের মাধ্যমে উৎপাদনের কাঁচামাল সংগ্রহ করতে পারবেন। উল্লেখ্য, এই ঋণ সুবিধা গ্রহণের জন্য সংশ্লিষ্ট লিয়েন ব্যাংকের সাথে যোগাযোগ করতে হবে।

আশা করি বাংলাদেশ ব্যাংকের স্বল্প সুদের এই তহবিল থেকে ব্যাক টু ব্যাক ঋণপত্রের মাধ্যমে কাঁচামাল আমদানি করার ক্ষেত্রে আপনাদের বিশেষ সুবিধা হবে।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলারটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

সংযুক্তিঃ বর্ণনামতে।



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

CamScanner

**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ।**
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

**বিআরপিডি সার্কুলার নং-০১**

তারিখ: ০১ জানুয়ারি ২০২৩ / ১৭ পৌষ ১৪২৯

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**রপ্তানি সহায়ক তহবিল (Export Facilitation Fund) গঠন প্রসঙ্গে।**

রপ্তানি খাত বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির অন্যতম চালিকাশক্তি। স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণের (LDC graduation) ক্ষেত্রে ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার পাশাপাশি অর্থনৈতিক প্রবৃদ্ধি গতিশীল রাখার লক্ষ্যে রপ্তানি খাতকে সহায়তা প্রদান করা প্রয়োজন। তাছাড়া, কোভিড-১৯ পরবর্তী অর্থনৈতিক অভিঘাত ও রাশিয়া ইউক্রেন যুদ্ধের ফলে উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় দেশের রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের রপ্তানি কার্যক্রম বেগবান করার মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন ও কর্মসংস্থান সৃষ্টির বিষয়টিও অত্যন্ত গুরুত্বপূর্ণ। বৈশ্বিক বিরূপ অর্থনৈতিক অবস্থার বিপরীতে রপ্তানিমুখী প্রতিষ্ঠানসমূহকে অধিকতর অভিঘাত সহনশীল করার পাশাপাশি দেশের রপ্তানিমুখী শিল্পের বিকাশ ও প্রসারের চলমান ধারা অব্যাহত রাখার লক্ষ্যে এ খাতের জন্য পর্যাপ্ত তারল্য নিশ্চিতকল্পে সহজ শর্তে একটি রপ্তানি সহায়ক প্রাক অর্থায়ন তহবিল গঠন করা হলো। উক্ত তহবিল পরিচালনার জন্য অনুসরণীয় নীতিমালা নিম্নে দেওয়া হলো:

২। **তহবিলের নাম:** এ তহবিলের নাম হবে রপ্তানি সহায়ক প্রাক-অর্থায়ন তহবিল (Export Facilitation Pre-finance Fund (EFPF))।

৩। **তহবিলের পরিমাণ ও উৎস:** ১০,০০০ (দশ হাজার) কোটি টাকা; বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল।

৪। **খাত:** স্থানীয় রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের উৎপাদনের কাঁচামাল (Raw material) আমদানি/স্থানীয় সংগ্রহের বিপরীতে আলোচ্য রপ্তানি সহায়ক তহবিল হতে প্রাক-অর্থায়ন সুবিধা গ্রহণ করা যাবে।

৫। **অংশগ্রহণকারী ব্যাংক:** বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক উক্ত প্রাক-অর্থায়ন তহবিল হতে ঋণ সুবিধা গ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবে। প্রাক-অর্থায়ন গ্রহণে আগ্রহী ব্যাংককে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (বিআরপিডি) এর সাথে আগামী ২২ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে একটি অংশগ্রহণকারী চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে (Annexure-A)।

৬। **তহবিল ব্যবস্থাপনা:** এ তহবিলের সামগ্রিক তদারকি/পরিচালনা/ব্যবস্থাপনার কাজ ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় কর্তৃক সম্পাদিত হবে। আলোচ্য তহবিল ব্যবস্থাপনার ক্ষেত্রে বিআরপিডি কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনা অংশগ্রহণকারী ব্যাংকসমূহের জন্য অনুসরণীয় হবে।

৭। **তহবিলের মেয়াদ:** আবর্তনযোগ্য (Revolving) এ তহবিলের কার্যক্রম পুনঃনির্দেশনা না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

৮। **গ্রাহক পর্যায়ে ঋণ প্রাপ্তির যোগ্যতা:**

ক) যে কোন প্রত্যক্ষ রপ্তানিমুখী প্রতিষ্ঠান এবং প্রচ্ছন্ন রপ্তানিকারকের অনুকূলে অর্থায়নের নিমিত্ত এ তহবিল উন্মুক্ত থাকবে;

খ) এ তহবিলের অর্থ রপ্তানিকারকের ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের মাধ্যমে উৎপাদনের কাঁচামাল (Raw material) আমদানির জন্য ব্যবহার করা যাবে। ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে স্থানীয় উৎপাদনকারী-সরবরাহকারী কাঁচামাল আমদানির -জন্যও EFPF হতে ঋণ সুবিধা গ্রহণ করতে পারবে;

গ) ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ অনুযায়ী কোন খেলাপী গ্রাহক বা গ্রাহক প্রতিষ্ঠানকে এ তহবিলের আওতায় ঋণ সুবিধা প্রদান করা যাবে না;

ঘ) এ তহবিল হতে ঋণ সুবিধাগ্রহণকারী কোন গ্রাহক উক্ত নির্ধারিত রপ্তানির বিপরীতে রপ্তানিমূল্য অপ্রত্যাবাসিত (Overdue Export Bill) থাকলে সংশ্লিষ্ট রপ্তানিকারক এ তহবিলের আওতায় নতুনভাবে আর কোন ঋণ সুবিধা প্রাপ্য হবেন না। নিয়ন্ত্রণবহির্ভূত কারণে উক্ত রপ্তানিমূল্য যথাসময়ে প্রত্যাবাসিত না হলে আরও একবার সংশ্লিষ্ট ঋণগ্রহীতা নতুন ঋণসুবিধা গ্রহণ করতে পারবেন। নতুন ঋণ সুবিধা গ্রহণের পূর্বে ইতঃপূর্বে ইস্যুকৃত ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে সৃষ্ট দায়ের ন্যূনতম ৫০% গ্রাহককে নগদে পরিশোধ করতে হবে। তবে নিয়ন্ত্রণবহির্ভূত কারণসমূহ বাংলাদেশ ব্যাংকের নিকট সন্তোষজনক মর্মে প্রতীয়মান হতে হবে। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঙ) গ্রাহক কর্তৃক রপ্তানি ঋণপত্রের বিপরীতে কাঁচামাল আমদানির নিমিত্ত বাংলাদেশ ব্যাংকের অন্য কোন তহবিল হতে সুবিধাপ্রাপ্ত হলে এ তহবিলের আওতায় কোন ধরণের ঋণসুবিধা প্রাপ্য হবে না।

চ) Shell কোম্পানী/প্রতিষ্ঠানের রপ্তানি আদেশ বা Shell ব্যাংকের রপ্তানি ঋণপত্রের বিপরীতে প্রদত্ত ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের জন্য এ তহবিলের আওতায় প্রাক-অর্থায়ন সুবিধা প্রদান করা যাবে না।

৯। **গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফা হার ও অন্যান্য চার্জেসঃ**

ক) গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৪%;

খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত শিডিউল অব চার্জেস সংক্রান্ত বিদ্যমান নীতিমালায় বর্ণিত চার্জ/ফি ব্যতিরেকে গ্রাহকের নিকট হতে অন্য কোন ধরনের চার্জ বা ফি আদায় করা যাবে না।

১০। **ব্যাংক পর্যায়ে সুদ/মুনাফা হারঃ** বাংলাদেশ ব্যাংক হতে ব্যাংকসমূহ কর্তৃক গৃহীত প্রাক-অর্থায়ন তহবিলের বিপরীতে ১.৫% হারে সুদ/মুনাফা প্রদান করতে হবে।

১১। **রপ্তানি আদেশের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঋণগ্রহীতাকে প্রদত্ত ঋণের পরিমাণঃ**

ক) চূড়ান্ত রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), সুতা উৎপাদনকারী বিটিএমএ এর সদস্য মিল ব্যতীত বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ) এর সদস্য এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলের অন্তর্ভুক্ত টাইপ-বি ও টাইপ-সি প্রতিষ্ঠানসমূহ (বাল্ক পদ্ধতিতে আমদানিকারক সদস্য মিল ব্যতীত) কর্তৃক উৎপাদনের কাঁচামাল আমদানির জন্য রপ্তানি ঋণপত্র/নিশ্চিত রপ্তানি চুক্তি এর বিপরীতে আইপিও তে উল্লিখিত মূল্য সংযোজনের মাত্রা পরিপালন সাপেক্ষে অর্থায়নকারী ব্যাংক বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় তথ্য/দলিল দাখিল সাপেক্ষে উৎপাদনের কাঁচামাল মূল্যের সমপরিমান অথবা ২০০ কোটি টাকা (যেটি কম) এ তহবিলের আওতায় বাংলাদেশ ব্যাংক হতে প্রাক-অর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে;

খ) অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের আওতায় রপ্তানি তথা স্থানীয়ভাবে উৎপাদনকারী-রপ্তানিকারকদের নিকট সুতা/বস্ত্র সরবরাহের নিমিত্ত বিটিএমএ এর সদস্য মিলের জন্য তুলা ও অন্যান্য তন্তু আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিগত ১২ মাসে অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত সরবরাহ মূল্যের বিপরীতে যে ঋণ সুবিধা মঞ্জুর করা হয়েছে উক্ত ঋণের সমপরিমাণ প্রাক-অর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে। তবে, কোন অবস্থাতেই ২০০ কোটি টাকার অধিক এ সুবিধা প্রদান করা হবে না;

গ) অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের আওতায় রপ্তানি তথা স্থানীয়ভাবে উৎপাদনকারী-রপ্তানিকারকদের নিকট সম্পূর্ণ প্রস্তুতকৃত ইয়ার্ন সরবরাহের নিমিত্ত বাংলাদেশ ডাইড ইয়ার্ন এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিডিওয়াইইএ) এর সদস্য প্রতিষ্ঠানের অপ্রক্রিয়াজাত ইয়ার্ন ও রাসায়নিক পণ্য আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিগত ১২ মাসে অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত সরবরাহ মূল্যের বিপরীতে যে ঋণ সুবিধা মঞ্জুর করা হয়েছে উক্ত ঋণের সমপরিমাণ প্রাক-অর্থায়ন সুবিধা প্রাপ্ত হবে। তবে, কোন অবস্থাতেই ১৫০ কোটি টাকার অধিক এ সুবিধা প্রদান করা হবে না;

ঘ) অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের আওতায় রপ্তানি তথা স্থানীয়ভাবে উৎপাদনকারী-রপ্তানিকারকদের নিকট এক্সেসরিজ সরবরাহের নিমিত্ত বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন

(বিজিএপিএমইএ) এর সদস্য প্রতিষ্ঠানের এক্সেসরিজ এর কাঁচামাল আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিগত ১২ মাসে অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত সরবরাহ মূল্যের বিপরীতে যে ঋণ সুবিধা মঞ্জুর করা হয়েছে উক্ত ঋণের সমপরিমাণ প্রাক-অর্থায়ন সুবিধা প্রাপ্ত হবে। তবে, কোন অবস্থাতেই ২০ কোটি টাকার অধিক এ সুবিধা প্রদান করা হবে না;

ঙ) অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের আওতায় রপ্তানি তথা স্থানীয়ভাবে উৎপাদনকারী-রপ্তানিকারকদের নিকট প্লাস্টিক পণ্য ও প্যাকেজিং ম্যাটেরিয়াল সরবরাহের নিমিত্ত বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিপিজিএমইএ) এর সদস্য প্রতিষ্ঠানের প্লাস্টিক পণ্য উৎপাদনের কাঁচামাল আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিগত ১২ মাসে অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত সরবরাহ মূল্যের বিপরীতে যে ঋণ সুবিধা মঞ্জুর করা হয়েছে উক্ত ঋণের সমপরিমাণ প্রাক-অর্থায়ন সুবিধা প্রাপ্ত হবে। তবে, কোন অবস্থাতেই ১০ কোটি টাকার অধিক এ সুবিধা প্রদান করা হবে না;

চ) লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি) বাংলাদেশ সিরামিক ওয়্যার ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন (বিসিডব্লিউএমএ) এর সদস্য প্রতিষ্ঠানসমূহের বিগত ১২ মাসের রপ্তানিমূল্যের ভিত্তিতে পরবর্তী ১২ মাসের আনুমানিক রপ্তানিমূল্যের বিপরীতে যে ঋণ সুবিধা মঞ্জুর করা হয়েছে উক্ত ঋণের সমপরিমাণ প্রাক-অর্থায়ন সুবিধা প্রাপ্ত হবে। তবে, কোন অবস্থাতেই ০৭ কোটি টাকার অধিক এ সুবিধা প্রদান করা হবে না;

ছ) উক্ত প্রতিষ্ঠানসমূহ ছাড়াও অন্যান্য যে কোন খাতের চূড়ান্ত রপ্তানিকারক তাদের বিগত ১২ মাসের রপ্তানিমূল্যের ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য সর্বোচ্চ ০৫ কোটি টাকা প্রাক-অর্থায়ন সুবিধা প্রাপ্ত হবে।

১২। **ঋণের মেয়াদ:** গ্রাহক পর্যায়ে ঋণের মেয়াদ যাই হোক না কেন বাংলাদেশ ব্যাংক কর্তৃক সর্বোচ্চ ১৮০ দিন (ছয় মাস) মেয়াদে অংশগ্রহণকারী ব্যাংককে প্রাক-অর্থায়ন সুবিধা প্রদান করা হবে, যা মেয়াদ শেষে সুদসহ এককালীন পরিশোধ করতে হবে। তবে, যৌক্তিক কারণে রপ্তানিমূল্য প্রত্যাবাসন বিলম্বিত হলে সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালক পর্ষদ/নির্বাহী কমিটির অনুমোদনক্রমে উপরোক্ত মেয়াদ অনধিক ৯০ দিন বৃদ্ধির জন্য বাংলাদেশ ব্যাংকের নিকট প্রস্তাব প্রেরণ করা যাবে। সেক্ষেত্রে কেইস টু কেইস ভিত্তিতে বিবেচনাকরত বাংলাদেশ ব্যাংক অনাপত্তি পত্র প্রদান করবে।

১৩। **প্রাক-অর্থায়নের জন্য আবেদন পদ্ধতি:**

ক) অংশগ্রহণকারী ব্যাংক গ্রাহকের অনুকূলে ঋণ মঞ্জুরীর পর প্রাক-অর্থায়ন সুবিধার জন্য বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছকে (Form-B) পরিচালক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় বরাবর আবেদন করতে পারবে;

খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রয়োজনীয় তথ্য/দলিলাদি যাচাই সাপেক্ষে প্রাক-অর্থায়ন সুবিধা প্রদান করা হবে যা সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাবে ক্রেডিট করা হবে। অর্থায়ন প্রাপ্তির পর যথাযথ সময়ে ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট গ্রাহককে এ সার্কুলারের আওতায় ঋণ সুবিধা প্রদান করতে হবে;

গ) আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত দলিল/তথ্যাদি দাখিল করতে হবে:

১) ঋণ মঞ্জুরীপত্র;

২) সংশ্লিষ্ট রপ্তানি আদেশ/রপ্তানি ঋণপত্র/রপ্তানি চুক্তি এর কপি;

৩) সংশ্লিষ্ট গ্রাহকের হালনাগাদ সিআইবি রিপোর্ট;

৪) গ্রাহকের রপ্তানিমূল্য প্রত্যাবাসন সংক্রান্ত অঙ্গীকারপত্র (Form-C)

৫) প্রাক-অর্থায়নের জন্য আবেদনকৃত অর্থ নির্ধারিত সময়ে পরিশোধের বিষয়ে ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতিপত্র (ডিপি নোট) (Form-D);

ঘ) প্রাক-অর্থায়নের আবেদনপত্র ও তদ্‌সংশ্লিষ্ট সংযোজনীসমূহ অংশগ্রহণ চুক্তি সম্পাদনকারী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী বা তাঁর কর্তৃক মনোনীত কর্মকর্তার স্বাক্ষরে দাখিল/প্রেরণ করা যাবে। তবে, প্রথমবার মনোনীত কর্মকর্তার স্বাক্ষরে দাখিল করার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার নমুনা স্বাক্ষরসহ ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্তৃক একটি অথরাইজেশন লেটার প্রেরণ করতে হবে (Form-E)।

১৪। **আদায় ও তদারকি:**

ক) প্রাক-অর্থায়ন বাবদ ব্যাংক কর্তৃক গৃহীত ঋণ বাংলাদেশ ব্যাংকে রক্ষিত অংশগ্রহণকারী ব্যাংকের চলতি হিসাবে প্রদানের তারিখ হতে প্রাক-অর্থায়নের জন্য প্রদত্ত মেয়াদ সমাপনান্তে সুদসহ উক্ত হিসাব হতে এককালীন কর্তন করা হবে;

খ) গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ বিতরণকারী ব্যাংকসমূহের ওপর ন্যস্ত থাকবে। গ্রাহক পর্যায়ে ঋণ আদায় বা রপ্তানিমূল্য প্রত্যাবাসনের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনাকে সম্পর্কিত করা যাবে না;

গ) ঋণ বিষয়ক যাবতীয় ঝুঁকি সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বহন করতে হবে এবং সরকারের রপ্তানি ও উৎপাদন সংক্রান্ত নীতিমালা পরিপালনের বিষয়টি ব্যাংক কর্তৃক নিশ্চিত করতে হবে;

ঘ) যথাসময়ে ঋণ পরিশোধে গ্রাহক ব্যর্থ হলে তা বিদ্যমান নীতিমালা অনুযায়ী শ্রেণিকরণ করতে হবে এবং প্রভিশন সংরক্ষণ করতে হবে;

ঙ) আলোচ্য প্রাক-অর্থায়ন তহবিলের আওতায় ব্যাংক কর্তৃক বিতরণকৃত ঋণের যথাযথ সদ্ব্যবহার নিশ্চিত করতে হবে। তহবিলের মেয়াদকালে বা পরবর্তীতে যে কোন সময় বিতরণকৃত ঋণের সদ্ব্যবহার হয়নি মর্মে উদঘাটিত হলে প্রাক-অর্থায়ন বাবদ প্রদত্ত অর্থ সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাব হতে ব্যাংক কর্তৃক গ্রাহককে প্রদত্ত হার+২% হার সুদে এককালীন কর্তন করা হবে;

চ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরেজমিনে যাচাইয়ের নিমিত্ত তহবিলের আওতায় প্রাক-অর্থায়ন সংশ্লিষ্ট তথ্য ও কাগজপত্রাদি ব্যাংক শাখায় পৃথকভাবে সংরক্ষণ করতে হবে।

১৫। **রিপোর্টিং/প্রতিবেদন দাখিল:** অংশগ্রহণকারী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা তাঁর মনোনীত কর্মকর্তার স্বাক্ষরে মাসিক ভিত্তিতে ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্য এ বিভাগ কর্তৃক নির্ধারিত ছক (Annexure-F) অনুযায়ী পরবর্তী মাসের ০৭(সাত) কর্মদিবসের মধ্যে এ বিভাগে দাখিল করতে হবে।

১৬। **অন্যান্য শর্তাবলী:**

ক) এ তহবিলের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে একক গ্রাহক বা গোষ্ঠীর ক্ষেত্রে ঋণ সুবিধার সর্বোচ্চ সীমা (Single Borrower Exposure Limit) সংক্রান্ত নীতিমালা যথারীতি প্রযোজ্য হবে;

খ) রপ্তানি প্রত্যাবাসন ও সংশ্লিষ্ট আমদানি সংক্রান্ত সকল ক্ষেত্রে Guidelines for Foreign Exchange Transaction সহ বৈদেশিক বাণিজ্যে লেনদেন সংক্রান্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত অন্যান্য নির্দেশনাসমূহ পরিপালনীয় হবে;

গ) ঋণগ্রহীতা নির্বাচন, ঋণ মঞ্জুরী, বিতরণ, দলিল সম্পাদন, ডেট-ইক্যুইটি অনুপাত, ঋণের যথাযথ ব্যবহার ও তদারকির বিষয় ঋণ বিতরণকারী ব্যাংকের নিজস্ব বিধি-বিধান ও ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

১৭। ইসলামী শরীয়াহ্ ভিত্তিক পরিচালিত ব্যাংক রেস্ট্রিকটেড মুদারাবা পদ্ধতিতে উপরোক্ত বিনিয়োগের বিপরীতে এ তহবিল হতে প্রাক-অর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে। তবে, মুদারিবের অবহেলা, অসদাচরণ বা চুক্তির কোন শর্তের ব্যত্যয়ের কারণে সাহিবুল মাল এর মূলধন ক্ষতিগ্রস্ত হলে মুদারিব হতে ক্ষতিপূরণ আদায় করা হবে।

১৮। এ সার্কুলারে বর্ণিত তহবিল সংক্রান্ত নির্দেশনা সময় সময় পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/পরিমার্জন করার ক্ষমতা বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে।

১৯। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

২০। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২

**Annexure-A**

# Participation Agreement

Between

**BANGLADESH BANK** (Central Bank of Bangladesh)

And

[Name of the Scheduled Bank in Bangladesh]

As participant in the

**BB's Export Facilitation Pre-Finance Fund (EFPF)**

# PARTICIPATION AGREEMENT

## PARTIES

This Participation Agreement (hereinafter also referred to as "Participation Agreement" or 'Agreement') is signed on the ……… day of …………, 20……

Between

Bangladesh Bank (hereinafter also called as 'BB'), established by the Bangladesh Bank Order, 1972 (President's Order No.127 of 1972) having its Head Office at Motijheel C/A, Dhaka, Bangladesh represented by the Banking Regulation and Policy Department (hereinafter also called as 'BRPD')

And

[Name of the Bank] (Hereinafter also called as "Participating Financial Institution" or 'PFI'), duly established under the Companies Act 1994 and carrying on its business under the Bank Company Act 1991 (as amended) having license from Bangladesh Bank under BB License No…………………… dated …………………….., as participant in the BB's Fund for Export Credit named "Export Facilitation Pre-Finance Fund (EFPF)"

## PREAMBLE

Whereas, (A) BB introduced a Pre-finance scheme (revolving fund) of Tk.10,000.00 (Ten Thousand) Crore to offer a pre-finance facility titled "Export Facilitation Pre-Finance Fund (EFPF)" against the Bank's finance to boost up export and foreign exchange earnings to contribute to the economic development of Bangladesh.

(B) Ways of offering Pre-finance facilities to the PFIs against their financing in Export credit identified/proclaimed by the Bangladesh Bank will be determined based on the terms and conditions set forth in the BRPD Circular No. 01, dated 01 January 2023 and also as per the circulars/circular letters to be issued time to time by the BB.

(C) It is required for the PFI which is interested in availing pre-finance facilities under the BB's Export Facilitation Pre-Finance Fund to enter into a participation agreement with the BB.

(D) PFIs may avail EFPF upon fulfillment of the terms and conditions outlined in BRPD Circular No. 01, dated 01 January 2023 and consequent circulars/circular letters to be issued time to time by the BB. Besides, PFIs also have to agree to comply with the terms and conditions of this participation agreement to avail EFPF.

Now, therefore, the parties hereby agreed as follows:

## Article-I

## Definitions and Related Terms

Unless the context otherwise requires, the terms defined in this section, for the purposes of this agreement and of any agreement supplemental thereto, have the respective meaning herein specified, as follows:

a) 'BB' means Bangladesh Bank, the central bank of the Peoples Republic of Bangladesh established by the Bangladesh Bank Order, 1972 (President's Order No.127 of 1972).

b) 'BRPD' means Banking Regulation and Policy Department of Bangladesh Bank.

c) ‘PFI’ means Participating Financial Institution (Scheduled Bank) that wishes to participate in the BB’s Pre-finance Fund for Export Credit named “Export Facilitation Pre-Finance Fund (EFPF).

d) ‘Bank’ means any scheduled bank operating its business in Bangladesh having banking license from the Bangladesh Bank.

f) ‘Financing’ means the lending by PFI to the beneficiary/ultimate borrower under the Pre-finance Scheme.

g) ‘Pre-financing’ means the funding of the BB that will be provided to the PFI against their financing under the EFPF.

h) ‘Beneficiary’ means any borrower who is an exporter/export oriented industry/ institution/deemed exporter that may get loan for export credit under the EFPF.

i) ‘Taka’ (hereinafter also called as ‘Tk’) means the currency of the People’s Republic of Bangladesh.

j) ‘Fund’ means Export Facilitation Pre-Finance Fund.

**Article-II**

**Eligibility for availing Pre-finance**

a) Under this Fund Pre-finance facility will be extended only for export credit and Back to Back L/C as per BRPD Circular No. 01, dated 01 January 2023 and subsequent circulars/circular letters to be issued time to time by the BB. No other loan shall be considered under this pre-finance scheme.

b) Defaulted borrower shall not be eligible to be financed under EFPF.

c) According to this agreement, the PFI will submit a Demand Promissory Note (DP Note) in favor of the Bangladesh Bank before BB’s disbursement of pre-finance to the PFI to ensure repayment with interest.

d) In case of any violation/deviation/non-compliance of the rules/regulations/notifications/ guidelines/circular/circular letters by the PFI will cause immediate cancellation of approval of the pre-finance and BB shall go for immediate deduction of the pre-financed amount with penal interest (rate mentioned in the related circular) from the noncompliant PFI’s current account maintained with Bangladesh Bank, Motijheel Office.

**Article-III**

**Rate of Interest of EFPF**

PFI may charge interest @4.00% pa at maximum on credit to the borrower and Bangladesh Bank will charge/realize interest @1.50% on outstanding of pre-finance to PFI as per related sections of BRPD Circular No. 01, dated 01 January 2023 and as amended time to time by BB.

**Article-IV**

**Application Procedure under EFPF**

a) PFI will submit application duly signed by their MD/CEO to Director, BRPD, BB, HO after the date of approval in favor of beneficiary with approval documents and other related documents.

b) PFI can get up-to 100% (if eligible) pre-finance against their approved loan amount under this Fund. In this regard Bangladesh Bank's decision will be considered as final.

**Article-V**

**Recovery and Monitoring**

Provisions contained in related section of BRPD Circular No. 01, dated 01 January 2023 to be duly observed regarding recovery of credit disbursed by the PFI to the borrower and pre-finance released to PFI by BB under the Fund.

**Article-VI**

**Eligible sector under EFPF**

Locally produced export oriented industries/enterprises and Deemed exporters.

**Article-VII**

**Proper Utilization of EFPF and other terms and conditions**

**Section 1.1: Proper Utilization of EFPF**

PFI will provide/furnish information/documents/statements to the BB regarding end-use/proper utilization of the pre-financed facilitated credit in the prescribed forms and manner asked by the BB. Bangladesh Bank will preserve the right to conduct onsite inspection at any time to verify proper utilization of the EFPF.

**Section-1.2: Other terms and conditions.**

a) Selection of borrower, loan sanction, taking securities against loan, disbursement, documentation, determination of debt-equity ratio, proper utilization and monitoring of loan to be ensured by PFI on the basis of

(i) Existing circulars/circular letters issued by the Bangladesh Bank

(ii) PFI's own rules/guidelines and

(iii) Banker-Customer relationship

b) Total responsibility and liability regarding loan risks and loan recovery of the loan to client will be vested at the PFI's end.

c) Repayment of pre-finance cannot be correlated with the recovery of loan by the PFI from the beneficiaries/ultimate borrowers.

d) PFI will ensure duly compliance of required/applicable directions/provisions imposed/circulated by the competent authority and BB before loan disbursement.

e) BB will take appropriate measures/necessary steps according to the prevailing laws and regulations, if the PFI does not provide necessary information/statement regarding pre-finance under EFPF within due time as determined by BB's rules/regulations.

g) The revolving pre-finance scheme starting from the date of BRPD Circular No. 01/2023 will be continued unless BB determines and subject to the availability of the fund.

h) BB preserves the right to change/amend or make any addition/deletion or modification regarding the terms and conditions of the Fund.

i) Circulars/Circular Letters to be issued from time to time by the BB regarding such amendments as mentioned in the sub-section 'h' above will be treated as an integral part of this agreement.

j) All risks related to loan given to borrower will be borne by PFI and PFI will ensure the compliance of export and production related directions/policy of the Government.

k) PFI will duly follow the BB’s rules of classification and provisioning regarding the concerned loan.

l) No pre-finance facility will be considered against credit allowed under export order/export credit issued by a shell company/bank.

m) PFI shall follow the policy of Single Borrower Exposure Limit in case of extended credit facility favoring single customer/group.

n) BB preserves the right to reject any application of pre-finance under this Fund, due to cause/causes considered fit to it and not to be explained.

In witness whereof, the [Name of the PFI] has caused this agreement to be executed in its name and attested by its duly authorized officers, and the Bangladesh Bank as the administrator of the Fund, has caused this agreement to be executed, all as of the date first above written.

[Name of the PFI]
[Signature]
[Managing Director/CEO]
[SEAL]

BANGLADESH BANK
[Signature]
[Director]
Banking Regulation and Department
[SEAL]

WITNESS:
1. [Signature]
[Name and designation of witness from BB]
[SEAL]

2. [Signature]
[Name and designation of witness from PFI]
[SEAL]

**Form-B**

(Letter head of scheduled bank)

Ref: Date:

**Director (BRPD)**
Banking Regulation and Policy Department
Bangladesh Bank
Head Office
Dhaka.

Dear Sir,

**Application for pre-finance from "Export Facilitation Pre-Finance Fund (EFPF)"**

In accordance with the procedure set out in BRPD Circular No. 01 dated 01 January 2022, we hereby apply for pre-finance from Bangladesh Bank against the loans made by us under the following letters of credit/sales contract:

| Sl. No. | Name of the direct/ deemed exporter | ERC No. & Date (If applicable) | Import LC/ inland back to back LC/ inland LC No. & date | Value (Figure in BDT) | Amount claimed under EFPF (Figure in BDT) |
|---|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) | (6) |
| | | | | | |
| | | | | | |
| Total | - | - | - | | - |

We confirm that the transactions are eligible for financing under Export Facilitation Pre-finance Fund as per terms and conditions stipulated in the aforesaid circular and hold ourselves liable for any falsity or misstatement.

We would, therefore, request you to grant the loan and credit BDT……… (Taka............ in words) to our account maintained with you. We hereby authorize you to debit our account maintained with Bangladesh Bank in realization of principal and accrued interest due upon expiry of the permissible tenors of the loans, if not repaid earlier by us.

Yours faithfully,

| | |
|---|---|
| Signature....................... | Signature....................... |
| Name:…………………. | Name:…………………. |
| Designation:...…………. | Designation:...…………. |
| PA No………...……….. | PA No………...……….. |
| Contact no....................... | Contact no....................... |
| Email ............................... | Email ............................... |

**Form-C**

**Regarding Overdue Export Bill**

The undersigned hereby certifies that there is no overdue export bill in the account of our client ............................. (Custome(s) name)) after export/shipment under the Export Facilitation Pre-finance Fund.

or

The undersigned hereby certifies that 01(one) export bill is overdue in the account of our client ............................. (Custome(s) name)) after export/shipment under the Export Facilitation Pre-finance Fund until the date of application and the 50% of the said liabilities have been adjusted.

Yours faithfully,

| | |
|---|---|
| Signature........................ | Signature........................ |
| Name:…………………. | Name:…………………. |
| Designation:...………… | Designation:...………… |
| PA No………...……….. | PA No………...……….. |
| Contact no........................ | Contact no........................ |
| Email ................................ | Email ................................ |

Form-D

**PROMISSORY NOTE**

(to be on letter head pad)

Principal Amount:
Interest Rate:
Date of Note: ..............

PROMISE TO PAY: ……………(Bank Name) promises to pay to Bangladesh Bank, or order, in lawful money of the People's Republic of Bangladesh, the principal amount of Tk………. (Taka ………. in words), together with interest on the principal amount availed from Export Facilitation Pre-finance Fund, until paid in full.

Prior to signing this promissory note, .................(bank name) read and understood all the provisions of this promissory note, as well as the instructions in BRPD circular no. 01, dated 01 January 2023 including its subsequent amendments and conditions mentioned in participation agreements signed on ................(date), ............. (bank) agrees to the terms and acknowledges receipt of a completed copy of the promissory note.

| | | |
|---|---|---|
| Name of Bank | | |
| Signature | | |
| Name of authorized signatory(ies) | Name:<br>Designation: | Name:<br>Designation: |

| | | |
|---|---|---|
| Signature of Witnesss | | |
| Witness(es) | Name:<br>Designation: | Name:<br>Designation: |
| Date signed | | |

Form-E

(to be on letter head pad)

**Letter of Authorization**

I/We hereby authorize Mr/Ms. ............................................. (Name of the officials), ...................................... (Designation), .................................... (Name of the Department/Division) on behalf of me to execute the application(s) with related documents regarding the “Export Facilitation Pre-finance Fund” under BRPD circular no. 01 dated 01 January 2023 for ............................ (Name of the Bank).

Seal and Signature of the
Authorized Officer

Seal and Signature of the
Managing Director/Chief Executive officer

**Annexure-F**

**Monthly statement of Export Facilitation Pre-finance Fund**

(As of end ………………..20….)

Name of the Bank:

| Sl. No. | Particulars of procurements by direct/deemed exporters<br>Import LC/ Inland back to back LC/Inland LC | | | | Particulars of LC/Contract for the final export | | | | Particulars of inland back to back LC/inland LC for local supplies | | | | Amount and date of bank's loan to direct/ deemed exporters | | Amount of Pre-finance to bank |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | No. & date | Value | Expiry date | Name of input items imported/procured | Name of the direct exporter | LC/ Contract No. & date | Value | Expiry date | Name of the deemed exporter | Inland back to back LC /inland LC No. & date | Value | Expiry date | Amount | Date | |
| | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| Total | | | | | | | | | | | | | | | |

Signature with Seal
Manging Director/Authorized Official/Credit Head/ID Head
(Name & Designation with email address and Phone Number)